# স্নাতকোত্তর পাঠক্রম ( P. G.)

শিক্ষাবর্ষান্ত পরীক্ষা ( Term End Examination ) :

ডিসেম্বর, ২০১৪ / জুন, ২০১৫

## বাংলা ( Bengali )

প্রথম পত্র ( 1st Paper : Bangla Sahityer Itihas )

সময় ঃ চার ঘণ্টা পূর্ণমান ঃ ১০০

( মানের গুরুত্ব ঃ ৮০% )

**পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে। অশুদ্ধ বানান, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কেটে নেওয়া হবে। উপান্তে প্রশ্নের মূল্যমান সূচিত আছে।**

১। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৪৫০ শব্দে) ঃ

১৮ × ২ = ৩৬

(ক) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের পুঁথিনাম সম্পর্কে বিতর্কটির বিষয়ে উল্লেখ করে কাব্যটির পুরাণানুসরণ প্রসঙ্গে বিশ্লেষণাত্মক আলোচনা করুন।

(খ) মালাধর বসুর ব্যক্তি-পরিচয় এবং আবির্ভাবকাল সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে ভাগবত অনুবাদে তাঁর মূলানুগত্য ও বাঙালিয়ানা প্রসঙ্গে আলোকপাত করুন।

(গ) বাংলা রোমান্স প্রণয়কাব্যের পটভূমি সম্পর্কে বিস্তৃত আলোচনা করুন।





(ঘ) কবি ভারতচন্দ্রের 'অন্নদামঙ্গল' কাব্যটির পরিচয় দিয়ে তার সাহিত্যমূল্য বিচার করুন।

(ঙ) নিম্নলিখিত যে-কোনো **তিনটি** বিষয়ে টীকা লিখুন :

৬ × ৩

অ) বৃন্দাবনদাসের চৈতন্যভাগবত

আ) শ্রীকর নন্দীর মহাভারত

ই) ঘনরাম চক্রবর্তীর ধর্মমঙ্গলকাব্য

ঈ) টপ্পাগানের দু'জন রচয়িতা

উ) বঙ্গদর্শন পত্রিকা

(চ) বঙ্গরঙ্গমঞ্চ ও বাংলার নাট্যজগতে গিরিশচন্দ্র ঘোষের প্রতিভার মূল্যায়ন করুন।

২। যে-কোনো **তিনটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক ৩০০ শব্দে) ঃ

১২ × ৩ = ৩৬

(ক) বাংলা উপন্যাস-সাহিত্য বিকাশের সূচনাপর্বে কালীপ্রসন্ন সিংহ এবং প্যারীচাঁদ মিত্রের লিখনশৈলীর ঐতিহাসিক গুরুত্ব আলোচনা করুন।

(খ) রবীন্দ্র সমকালীন ও রবীন্দ্রানুসারী কবিসমাজের পর মোহিতলাল - যতীন্দ্রনাথ সেনগুপ্ত - নজরুলের কাব্যে কোন পালাবদলের ইঙ্গিত ছিল আলোচনা করুন।

(গ) নিম্নলিখিত যে কোনো **দু'জন** কথাসাহিত্যিক সম্পর্কে টীকা লিখুন : ৬ × ২

(অ) নরেন্দ্রনাথ মিত্র, (আ) সমরেশ বসু, (ই) সুনীল গঙ্গোপাধ্যায়।

(ঘ) রবীন্দ্রনাথের রূপক-সাংকেতিক নাটকগুলি সম্পর্কে যথাযথ উল্লেখসহ আলোচনা করুন।

(ঙ) নাট্যকার বাদল সরকার ও নাট্যকার মোহিত চট্টোপাধ্যায়ের সংক্ষিপ্ত পরিচয় দিয়ে তাঁদের নাট্যবৈশিষ্ট্য সম্পর্কে অভিমত দিন। ৬ + ৬

(চ) স্বাধীনতা-উত্তর বাংলা কথাসাহিত্যে দেশভাগের পটভূমি ও প্রাসঙ্গিকতা সম্পর্কে একটি নাতিদীর্ঘ প্রবন্ধ লিখুন।

(ছ) 'কল্লোল', 'কালি-কলম' ও 'প্রগতি' এই তিনটি পত্রিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করে তাদের ঐতিহাসিক গুরুত্বের বিষয়ে আলোকপাত করুন।

৩। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দিন (অনধিক **১৫০** শব্দে) ঃ

৭ × ৪ = ২৮

(ক) চর্যার রচনাকাল ও গ্রন্থনাম বিচার সম্পর্কে সংক্ষেপে লিখুন।

(খ) পদাবলীর বিদ্যাপতির সংক্ষিপ্ত পরিচয় উপস্থাপন করুন।

(গ) রামেশ্বর ভট্টাচার্যের শিবায়ন কাব্যের পরিচয় দিন।

(ঘ) প্রাবন্ধিক ভূদেব মুখোপাধ্যায়ের গ্রন্থগুলির উল্লেখ করে সংক্ষিপ্ত পরিচয় দিন।

(ঙ) বাংলার প্রথম ট্রাজেডি নাটক কোন্‌টি ? তার পরিচয় দিন।





(চ) প্রকাশকালসহ বঙ্কিমচন্দ্রের উপন্যাসগুলির নামোল্লেখ করুন।

(ছ) সংক্ষিপ্ত পরিচয় দিন (যে-কোনো **দু'জন** সম্পর্কে ) :

$৩\frac{১}{২} \times ২$

অ) উইলীয়াম কেরী

আ) মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার

ই) রামরাম বসু।

(জ) নিম্নলিখিত রচনাগুলির মধ্যে যে-কোনো **দুটির** পরিচয় দিন : $৩\frac{১}{২} \times ২$

অ) 'এষা'

আ) 'কল্পতরু'

ই) 'ঝরা পালক'

ঈ) 'তুঙ্গভদ্রার তীরে'

উ) 'লখীন্দর দিগার'

ঊ) 'অলীক মানুষ'।